



USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে



ACDI VOCA
Expanding Opportunities Worldwide

দুর্যোগ

ঝুঁকিহাস পকেটবুক



Muslim Aid
Serving Humanity



PCI

প্রকাশকাল

সেপ্টেম্বর ২০১২

প্রকাশনা ও স্বত্ব

প্রোগ্রাম ফর স্ট্রেনদেনিং হাউজহোল্ড এ্যাকসেস টু রিসোর্সেস (প্রসার)
বাড়ি # ৪১১ সড়ক # ৪, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, ফেইজ # ২, খুলনা

উপদেষ্টা

ম্যারি ক্যাডরিন
ডা. মো. সোহেল রানা
খোদাদাদ হোসেন সরকার

গ্রন্থনা ও সম্পাদনা

কাজী সাহিদুর রহমান
মোস্তাফা কামাল

সমন্বয়

এসএএম হুসাইন

তথ্য অনুসন্ধান ও গবেষণা

জাহিদ হোসেন
হাসিনা আক্তার মিতা
সাক্বির হোসেন

আর্থিক সহায়তা

ইউএসএআইডি/বাংলাদেশ
মাদানি এভিনিউ, ঢাকা

চিত্রাঙ্কণ

মাহমুদা আহমেদ

অলঙ্করণ

ওয়ার্ক স্পেস

ইস্টার্ন প্লাজা, সি আর দত্ত সড়ক, ঢাকা
www.workspacebd.com




প্রাককথন

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। বিশেষ করে এর দক্ষিণাঞ্চলের উপকূল এলাকা ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, জলাবদ্ধতা, লবণ দূষণ প্রভৃতি আপদে মারাত্মকভাবে আক্রান্ত হয়। এইসব আপদের কারণে জীবন, সম্পদ ও পরিবেশের ব্যাপক ক্ষতি হয়, জীবন ও জীবিকা অচল হয়ে পড়ে এবং ভুক্তভোগী জনগোষ্ঠী চরম দুর্দশার মধ্যে পড়ে। এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য মানবিক সহায়তা প্রয়োজন হয়।

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার বিধিবদ্ধ জ্ঞান ও তথ্য স্থানীয় জনগোষ্ঠীর দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি করে। আর এই নিজস্ব সক্ষমতা কাজে লাগিয়ে তারা দুর্যোগের ঝুঁকি অনেকাংশে কমাতে পারে।

প্রসার প্রকল্প'র এই পকেট বইটিতে দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত কিছু বিধিবদ্ধ জ্ঞান ও তথ্য সন্নিবেশ করা হয়েছে যা দক্ষিণাঞ্চলের জনগোষ্ঠীর দুর্যোগ মোকাবেলার সামর্থ্য বাড়াতে সহায়ক হবে।





ভূমিকা

নিজেদের সক্ষমতা
কাজে লাগাই;
দুর্যোগ ঝুঁকি হ্রাসে
এগিয়ে যাই।

ভুক্তভোগীর
দুর্দশা লাঘব

জীবন ও সম্পদের
ক্ষতি কমানো

দুর্যোগ
ঝুঁকি হ্রাস

জীবন ও জীবিকা
সচল রাখা



জীবন ও সম্পদের ক্ষতি কমানো

ঝড়ের মৌসুম বিবেচনা করে কৃষিকাজ করি;
ফসলের ক্ষতি কমাই।





জীবন ও সম্পদের ক্ষতি কমানো

সবাই মিলে একসাথে উঁচু ভিটায় বাড়ি বানাই;
ঝড়-বন্যায় রক্ষা পাই।



খুঁটি, আড়া আর ঘরের চার কোণায় টানা দিই;
ঝড়ঝঞ্ঝুয় বাড়িঘর বাঁচাই।



জীবন ও সম্পদের ক্ষতি কমানো

পুকুর পাড় উঁচু করি;

দুর্যোগকালে মৎস্য সম্পদ রক্ষা করি।




বেশি করে দেশি প্রজাতির গাছ লাগাই;

ঘূর্ণিঝড়ের প্রকোপ কমাই।



জীবন ও সম্পদের ক্ষতি কমানো

ঝড়ের মৌসুমে নিয়মিত রেডিও-তে আবহাওয়ার খবর শুনি;
বিপদকালে জীবন ও সম্পদ বাঁচাই।





জীবন ও সম্পদের ক্ষতি কমানো

বিপদ সংকেত পাওয়ার সাথে সাথে মূল্যবান সামগ্রী পলিথিন বা হাড়িতে ভরে মাটির নিচে পুঁতে রাখি; ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাসে সম্পদ বাঁচাই।





জীবন ও সম্পদের ক্ষতি কমানো

হুঁশিয়ারী সংকেত প্রচার হলে মাছ ধরা বন্ধ করে
নিরাপদ আশ্রয়ে চলে আসি;
ঝড়ের হাত থেকে জীবন রক্ষা করি।




গরু-ছাগল নিরাপদ স্থানে রেখে আসি,
সম্ভব না হলে ছেড়ে দিই;
ঝড়ের সময় গরু-ছাগলের জীবন বাঁচাই।



জীবন ও সম্পদের ক্ষতি কমানো

সতর্কবার্তা প্রচার হলে লাঙ্গল-জোয়াল ও মাছ ধরার জাল
গাছের সাথে শক্ত করে বেঁধে রাখি; ঝড়-জলোচ্ছ্বাসে
জীবন-জীবিকার হাতিয়ার রক্ষা করি।





জীবন ও জীবিকা সচল রাখা

নানান কাজে দক্ষ হই;
সারাবছর রোজগার করি ।



সামাজিক বন্ধন গড়ে তুলি;
বিপদ-আপদে সবাই বাঁচি ।



জীবন ও জীবিকা সচল রাখা

নিরাপদ পানি ব্যবহার করি;
পানি বাহিত রোগ দূরে রাখি।

লবণমুক্ত নদী বা পুকুরের
পানি পিএসএফ এর মাধ্যমে শোধন করা যায়



বৃষ্টির পানি সংরক্ষণ করে নিরাপদ পানি পাওয়া যায়



জীবন ও জীবিকা সচল রাখা

দুর্যোগকালেও শিশু এবং গর্ভবতী মায়ের যত্ন নিই
সন্তানের সুস্বাস্থ্য নিশ্চিত করি।



বিপদ চিহ্ন দেখা দিলে দুর্যোগকালেও
গর্ভবতীকে হাসপাতালে নিয়ে যাই;
মা ও শিশুর জীবন বাঁচাই।



জীবন ও জীবিকা সচল রাখা

ঝড়-বন্যায় স্কুল ক্ষতিগ্রস্ত হলেও বিশেষ পাঠদানের ব্যবস্থা নিই;
স্কুল থেকে ঝরে পড়া রোধ করি।





ভুক্তভোগীর দুর্দশা লাঘব

ছেলে মেয়েকে সাঁতার শিখাই;
বন্যা-জলোচ্ছ্বাসে জীবন বাঁচাই।



বিপদ আসলে কোথায় যাব, আগে থেকেই
খুঁজে রাখি; দুর্যোগকালে নিরাপদে থাকি।



ভুক্তভোগীর দুর্দশা লাঘব

নিয়মিত অল্প অল্প করে সঞ্চয় করি;
দুর্যোগ মোকাবেলার সামর্থ্য বাড়াই।




মাটির আলগা চুলা বানিয়ে রাখি;
বন্যা-জলোচ্ছ্বাসে সময় রান্না-বান্নার কষ্ট কমাই।



ভুক্তভোগীর দুর্দশা লাঘব

প্রতিবন্ধী ব্যক্তি, বয়স্ক, শিশু ও গর্ভবতী মায়াদের
সবার আগে নিরাপদ আশ্রয়ে নিয়ে যাই;
পরিবারের ঝুঁকি কমাই।



আশ্রয় কেন্দ্র





ভুক্তভোগীর দুর্দশা লাঘব

বিপদ সংকেত প্রচার হলে নারীরা শাড়ির বদলে সালোয়ার কামিজ পরি আর মাথার চুল কাপড় দিয়ে শক্ত করে বেঁধে রাখি; বন্যা জলোচ্ছ্বাসে জীবন বাঁচাই।



দুর্যোগকালেও ছয় মাসের কম বয়সী শিশুকে শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানো চালিয়ে যাই; শিশুর পুষ্টি নিশ্চিত করি।



ভুক্তভোগীর দুর্দশা লাঘব

বিপদকালেও খেলাধুলার ব্যবস্থা করি;
শিশুর শরীরমন ভাল রাখি।





ভুক্তভোগীর দুর্দশা লাঘব

দুর্যোগকালে একে অন্যের কথা শুনি;
নিজের ও পরের মনোকষ্ট কমাই।





ঘূর্ণিঝড় সতর্কীকরণ পতাকার দিকে লক্ষ্য রাখি;
সংকেত অনুসারে সিদ্ধান্ত নিই।

ঘূর্ণিঝড় সতর্কীকরণ
পতাকা অনুসারে জনগোষ্ঠীর করণীয়

সিগনাল ১,২,৩



সিগনাল ৪,৬



সিগনাল ৮,৯,১০





সারসংক্ষেপ

মিলে মিশে ঝুঁকি কমাই;
ঝড়-বন্যায় রক্ষা পাই।



